গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd



স্মারক নং ৪৪.০৭.০০০০.০৩২.০৩.০০১.২০২৬- ৮৭৭

তারিখঃ ০২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **২০২৬-২০২৭ অর্থবছরের মেরামত ও সংস্কার কাজের আলোচনা সভার সিদ্ধান্তসমূহ প্রেরণ ও প্রতিপালন**

উপর্যুক্ত বিষয়ে ২০২৬-২০২৭ অর্থবছরের মেরামত ও সংস্কার কাজের সুষ্ঠু বাস্তবায়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। **অনুমোদিত প্রাক্কলনের বাইরে কাজ করণ:** জুলাই সমাপ্তিতে সদর দপ্তর কর্তৃক অনুমোদিত প্রাক্কলনের বাইরে কোনো প্রকার অতিরিক্ত বা অনুমোদন বহির্ভূত কাজ করানো যাবে না।

২। **অতিরিক্ত কাজের ক্ষেত্রে পুনঃঅনুমোদন:** যদি একান্তই কোনো অতিরিক্ত কাজ করানোর প্রয়োজনীয়তা দেখা দেয়, তবে প্রথমে নিশ্চিত করতে হবে যে অনুমোদিত প্রাক্কলনের সকল কাজ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। অতঃপর উক্ত অতিরিক্ত কাজের প্রাক্কলন প্রণয়ন করে সদর দপ্তরকে অবহিতপূর্বক পুনরায় অনুমোদন গ্রহণ করতে হবে। অন্যথায়, উক্ত অতিরিক্ত কাজ বিবেচনা করা হবে না।

৩। **চলমান কাজের অগ্রগতি মনিটরিং:** নতুন কোনো কাজের অনুমোদন গ্রহণের পূর্বে পূর্ববর্তী অর্থবছরের চলমান কাজের অগ্রগতি নিবিড়ভাবে মনিটর করতে হবে এবং কারা অধিদপ্তরকে সর্বশেষ হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন পাঠাতে হবে।

৪। **সমাপ্তি প্রত্যয়নপত্রে যৌথ স্বাক্ষর:** যেকোনো কাজ সমাপ্তির পর তার প্রত্যয়নপত্রে কারাগারের নির্ধারিত কমিটির সকল সদস্যের স্বাক্ষর থাকা বাধ্যতামূলক।

৫। **কাজের দ্বৈততা বর্জন:** একই কাজের পুনরাবৃত্তি বা দ্বৈততা এড়ানোর লক্ষ্যে স্থানীয় গণপূর্ত বিভাগ থেকে বার্ষিক ক্রয় পরিকল্পনা বা APP-ভুক্ত (Annual Procurement Plan) কাজের হালনাগাদ তালিকা সংগ্রহ করতে হবে।

৬। **প্রাক্কলন প্রস্তুতিতে প্রতিনিধি উপস্থিতি:** কাজের প্রাক্কলন প্রস্তুত করার সময় স্থানীয় কারা কর্তৃপক্ষের উপযুক্ত প্রতিনিধির সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৭। **বিশেষ কাজের মেথড স্টেটমেন্ট:** বিশেষ ধরনের কাজ যেমন- রেট্রোফিটিং (Retrofitting) বা ক্র্যাক রিপেয়ার (Crack Repair) কাজের ক্ষেত্রে গণপূর্ত বিভাগের নিকট থেকে কাজের সুনির্দিষ্ট পদ্ধতি বা মেথড স্টেটমেন্ট (Method Statement) সংগ্রহ করতে হবে এবং তা সদর দপ্তরকে অবহিত করতে হবে।

৮। **বিভাজন প্রস্তাবের নিয়ম:** পরবর্তী বিভাজনের প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন দাখিল করতে হবে এবং তা প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করিয়ে জমা দিতে হবে।

ফরওয়ার্ডিং

৯। **নতুন দরপত্র আহ্বানে নিষেধাজ্ঞা:** পরিপত্রের ব্যত্যয় ঘটিয়ে যে সকল নির্মাণ কাজ হাতে নেওয়া হয়েছে, সে সকল কাজ সম্পূর্ণ শেষ না হওয়া পর্যন্ত ২০২৬-২৭ অর্থবছরে কোনো নতুন কাজের দরপত্র আহ্বান করা যাবে না। নতুন নির্মাণ কাজসমূহ প্রকল্পের আওতায় বাস্তবায়ন করতে হবে।

অতএব, সকল সংশ্লিষ্ট কারাগারকে উপরোক্ত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো।

আসিফ মোহাম্মদ সালেহ
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে- কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপিঃ**

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ।

ফরওয়ার্ডিং